

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭০৯

আগরতলা, ৩১ অক্টোবর, ২০১৮

২২-২৪ নভেম্বর আগরতলায় আন্তর্জাতিক পর্যটন মার্চস
রাজ্যের পর্যটন ক্ষেত্রগুলিকে প্রচারের আলোয়
নিয়ে আসতে হবে : মুখ্যমন্ত্রী

আগামী ২২-২৪ নভেম্বর প্রথমবারের মতো আগরতলায় আন্তর্জাতিক পর্যটন মার্চস ২০১৮ অনুষ্ঠিত হবে। ভারত সরকারের পর্যটন মন্ত্রণালয় এবং উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্যের যৌথ উদ্যোগে তিনদিনব্যাপী অনুষ্ঠিত হবে এই আন্তর্জাতিক পর্যটন মার্চস। এই অনুষ্ঠানকে সর্বাঙ্গীণ সুন্দর ও সাফল্যমণ্ডিত করার লক্ষ্যে আজ সচিবালয়ের কনফারেন্স হলে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় পর্যটনমন্ত্রী প্রণজিৎ সিংহরায়ও উপস্থিত ছিলেন। সভায় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, পর্যটনকে প্রমোট করার ক্ষেত্রে রাজ্যের পর্যটন ক্ষেত্রগুলিকে প্রচারের আলোয় নিয়ে আসতে হবে। এক্ষেত্রে সামাজিক মাধ্যম এবং ইলেকট্রনিক মাধ্যমে প্রচারে গুরুত্ব দিতে হবে। তিনি বলেন, রাজ্যের পর্যটন ক্ষেত্রগুলিকে বিকশিত করার ক্ষেত্রে পর্যটন দপ্তরকে অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরের সাথে সমন্বয় সাধন করে কাজ করতে হবে, যাতে পর্যটন ক্ষেত্রগুলির উন্নতিকরণের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা যায়। মুখ্যমন্ত্রী বলেন, আন্তর্জাতিক পর্যটন মার্চস ২০১৮-কে সামনে রেখে আগরতলা শহরের বিভিন্ন স্থানে রাজ্যের গুরুত্বপূর্ণ পর্যটন ক্ষেত্রগুলিকে নিয়ে ফ্ল্যাগ ও লাইটের মাধ্যমে উপস্থাপন করতে, যাতে পর্যটন মার্চসে অংশগ্রহণকারী ডেলিগেটস ত্রিপুরার পর্যটন ক্ষেত্রগুলি সম্পর্কে জানতে পারেন। এছাড়াও তিনি আগরতলা শহরের বিভিন্ন স্থানে বাঁশের কারুকার্যের মাধ্যমে সাজিয়ে তোলার উপর গুরুত্বারোপ করেন।

এদিনের সভায় পর্যটন দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি আন্তর্জাতিক পর্যটন মার্চসের মিনিট টু মিনিট প্রোগ্রামের একটি উপস্থাপনা তুলে ধরেন। তিনি বলেন, আন্তর্জাতিক পর্যটন মার্চসে বিভিন্ন দেশের ট্যুর অপারেটর অংশগ্রহণ করবেন। এছাড়াও উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্য থেকে ট্যুর অপারেটরগণ এই অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানে অতিথি হিসেবে উত্তর-পূর্বের সব রাজ্যের মুখ্যমন্ত্রী ও পর্যটন মন্ত্রীরকেও আমন্ত্রণ জানানো হবে। অনুষ্ঠানের বিভিন্ন দিনে আয়োজিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়াও অনুষ্ঠিত হবে ফুড ফেস্টিভেল, প্রদর্শনী, ঐতিহ্যবাহী পোশাক ও অলঙ্কারও তুলে ধরা হবে। এছাড়াও বহির্দেশের ট্যুর অপারেটর ও উত্তর-পূর্বাঞ্চলের ট্যুর অপারেটরগণের মধ্যে আলোচনা অনুষ্ঠিত হবে। এই আলোচনায় পর্যটনকে প্রমোট করার লক্ষ্যে মতবিনিময় হবে। উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন পর্যটন কেন্দ্রগুলি সম্পর্কে বহির্দেশের পর্যটকদের আকৃষ্ট করার বিষয়েও ট্যুর অপারেটরদের মধ্যে আলোচনা হবে। সাংস্কৃতিক অনুষ্ঠানে উত্তর-পূর্বের বিভিন্ন রাজ্য থেকে শিল্পীগোষ্ঠী অংশগ্রহণ করবে। ট্যুর অপারেটরদের ত্রিপুরার বিভিন্ন পর্যটন কেন্দ্রও ঘুরে দেখানোর ব্যবস্থা করা হবে। এদিনের সভায় মুখ্যসচিব এল কে গুপ্তা, পুলিশ মহানির্দেশক এ কে শুক্লা, অতিরিক্ত মুখ্যসচিব ড. জি এস জি আয়েঙ্গার, মুখ্যমন্ত্রীর প্রধান সচিব কুমার অলক ছাড়াও বিভিন্ন দপ্তরের সচিবগণ, অধিকর্তা ও অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন। এছাড়াও এদিনের সভায় রাজ্যের ট্যুর অপারেটরগণও উপস্থিত ছিলেন।
